

ঈদে ঢাকা-সৈয়দপুর রুটে ফ্লাইট বাড়াল এয়ার এ্যাস্ট্রা

- A Monitor Desk Report

Date: 01 April, 2024



ঢাকা: আসন্ন ঈদ সামনে রেখে যাত্রীদের সুবিধার্থে ঢাকা-সৈয়দপুর রুটে ফ্লাইট বাড়াল বেসরকারি এয়ারলাইনস এয়ার এ্যাস্ট্রা। আজ সোমবার (১ এপ্রিল) থেকে এই রুটে প্রতিদিন চারটি ফ্লাইট পরিচালনা করবে এয়ারলাইনসটি।

এয়ার এ্যাস্ট্রার উপব্যবস্থাপক (জনসংযোগ) সাকিব হাসান শুভর স্বাক্ষরিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, ঢাকা থেকে সৈয়দপুর রুটে ফ্লাইটগুলো ছেড়ে যাবে সকাল ৭ টা ১০, বেলা ২টা ৫, বিকেল ৫টা ১৫ এবং রাত ৮টা ৫ মিনিটে, সৈয়দপুর থেকে ঢাকা রুটে ফ্লাইটগুলো ছেড়ে আসবে সকাল ৮টা ৪০, বেলা ৩টা ৩৫, সন্ধ্যা ৬টা ৪৫ এবং রাত ৯টা ৩৫ মিনিটে।

সৈয়দপুরের পাশাপাশি ঢাকা থেকে চট্টগ্রাম রুটে চারটি, কক্সবাজার রুটে চারটি ও সিলেট রুটে প্রতিদিন তিনটি ফ্লাইট পরিচালনা করছে এয়ার এ্যাস্ট্রা। যাত্রীরা ফ্লাইট টিকিট এয়ার এ্যাস্ট্রার ওয়েবসাইট, মোবাইল অ্যাপস, সেলস অফিস, অনলাইন ও অফলাইন ট্রাভেল এজেন্সি থেকে ক্রয় করতে পারবেন। এয়ার এ্যাস্ট্রা'র বহরে বর্তমানে তিনটি এটিআর ৭২-৬০০ এয়ারক্রাফট রয়েছে, যা ফ্রান্সে নির্মিত সর্বাধুনিক প্রযুক্তির টার্বোপ্রপ এয়ারক্রাফট এবং ৭০ জন যাত্রী বহন করতে সক্ষম।

-Biplob